


# সিউর এ আই

পশু খাদ্য সম্পূরক

## কনসেপশন রেট / গর্ভধারনের হার বাড়াতে ওমেগা-৩ ও ওমেগা-৬ ফ্যাটি এসিডের কিছু গুরুত্বপূর্ণ ভূমিকা:

► গবাদি পশুর প্রেগনেন্সি রেট বাড়াতে হলে কৃত্রিম বীজ প্রদানকালীন সময়ে এর শরীরে প্রেগনেন্সি মেইনটেইনিং হরমোন এর পর্যাপ্ততা সুনিশ্চিত করতে হবে। প্রোজেস্টেরন হরমোন হলো প্রেগনেন্সি মেইনটেইনিং এর সবচেয়ে গুরুত্বপূর্ণ হরমোন আর এই হরমোন এর উৎপাদন হয় কর্পাস লুটিয়াম থেকে। কাজেই কর্পাস লুটিয়ামকে দীর্ঘ সময় ধরে কর্মক্ষম রাখতে পারলে শরীরের প্রোজেস্টেরন এর মাত্রা ঠিক থাকে। গবাদি পশুর শরীরে আরও এক ধরনের হরমোন থাকে যার নাম প্রোস্টাগ্লাডিন যার মূল কাজ হচ্ছে কর্পাস লুটিয়ামকে রিছেস করা বা ‘লুটিয়ালহিসিস’ করা। ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিড গবাদিপশুর এন্ডোমেট্রিয়াল টিস্যুতে সাইক্লোঅক্সিজিনেজ এনজাইম এর সিনথেসিস কে বাধা দেয় ফলে ইউটেরোস হতে প্রোস্টাগ্লাডিন হরমোন সিনথেসিস ও বাঁধাপ্রাপ্ত হয়, ফলস্বরূপ এটা কর্পাস লুটিয়ামকে রিছেস করতে পারে না। ফলে গবাদিপশুর দেহে প্রোজেস্টেরন এর পরিমাণ পর্যাপ্ত পরিমাণে বজায় থাকে যা প্রেগনেন্সি মেইনটেইন এর জন্যে অত্যন্ত জরুরি। কাজেই কৃত্রিম প্রজননের পর পরই দেহে ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিডের পরিমাণের পর্যাপ্ততা বজায় রাখতে পারলে কনসেপশন রেট বা প্রেগনেন্সি রেট বৃহণে বেড়ে যায়।

► ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিড ‘এম্ব্রায়ো লস’ প্রটেক্ট করে এবং এম্ব্রায়োর কোয়ালিটি বৃদ্ধি করে। কৃত্রিম প্রজননের পর গবাদিপশুটি কনসিভ করলেও শরীরে যদি পর্যাপ্ত পরিমাণে প্রোজেস্টেরন হরমোন না থাকে, তবে এম্ব্রায়োর বেঁচে থাকা এবং ডেভেলপমেন্ট প্রায় অসম্ভব হয়ে পড়ে। একারনেই কৃত্রিম প্রজননের পর ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিড গবাদিপশুর জন্যে অত্যন্ত জরুরি। এটি গবাদিপশুর রাইপ্লাজমাতে প্রোজেস্টেরন লেভেলকে বাড়িয়ে দেয় এবং প্রেগনেন্সি মেইনটেইন এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।




► ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিড গবাদিপশুর ওভাম কোয়ালিটি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। খাবারের সাথে গবাদিপশু ফ্যাটি এসিড গ্রহণ করলে ওভাম/ডিমানুর কোয়ালিটি এবং ভায়াবিলিটি বৃদ্ধি পায়, ফলে কনসেপশন রেট বাড়ে। গবেষনায় দেখা গেছে, খাবারের সাথে ফ্যাটি এসিড গ্রহণের ফলে গর্ভধারনের পরিমাণ অনেকাংশে বেড়ে যায়।

► ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি এসিড কোলেস্টেরলের প্রিকারসর হিসেবে কাজ করে। কোলেস্টেরল স্টেরয়োড হরমোনের জন্যে এন্টিসিডেট। কর্পাস লুটিয়াম কোলেস্টেরলকে ব্যবহার করে প্রোজেস্টেরন হরমোন তৈরী করে। কাজেই দেখা যাচ্ছে, প্রোজেস্টেরন হরমোন তৈরীতে ওমেগার প্রত্যক্ষ ভূমিকা বিদ্যমান।

### কৃত্রিম প্রজননের সঠিক সময়ঃ

প্রাণবয়স্ক প্রতিটি গবাদিপশু সাধারণত ১৮-২৪ দিনে অথবা গড়ে ২১ দিনে একবার করে হিটে আসে। এই সময়টা সঠিকভাবে পর্যবেক্ষন করে দক্ষ লোক দ্বারা কোয়ালিটি সম্পর্ক বীজ বা সিমেন্ট দ্বারা কৃত্রিম প্রজনন করাতে পারলে পশুটির গর্ভধারন অনেকাংশে নিশ্চিত হয়। গর্ভধারনের আগে একটি গবাদিপশুর ২১ দিনের সাইকেলের ১৮ তম দিনে পূর্ববর্তী ওভুলেশনের পর তৈরী হওয়া কর্পাস লুটিয়ামটা রিছেস হওয়া শুরু করে এবং প্রোজেস্টেরনের পরিমাণ কমে যেতে থাকে। এই সাইকেলের ডিমিনেন্ট ফলিকুলটা সাইজে বড় হতে থাকে এবং ইন্ট্রোজেন হরমোন তৈরী করে। এই ইন্ট্রোজেন হরমনের কারনেই গবাদিপশু হিটে আসে এবং নানা ধরনের লক্ষণ প্রকাশ করে। সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষণ হচ্ছে এই সময় অন্য গবাদিপশুর গায়ের উপর চড়ার চেষ্টা করে। এই সময়টাকে বলে ‘স্ট্যাভিং হিট’। গবাদিপশু স্ট্যাভিং হিটে আসলে লুটিনা ইজিং হরমোন সিক্রেট হয় এবং ওভুলেশনের প্রসেস শুরু হয়। সাধারণত স্ট্যাভিং হিটে ২২ থেকে ২৭ ঘণ্টার মধ্যে ওভুলেশন ঘটে। এই ওভুলেশনের সাইটে নতুন করে কর্পাস লুটিয়াম তৈরী হয় এবং প্রোজেস্টেরন এর মাত্রা বাড়াতে থাকে। গবেষনায় দেখা গেছে, এই সময়ের অন্তত ৬-৮ ঘণ্টা আগেই অর্থাৎ ১০-১৪ ঘণ্টার মধ্যে ‘এ. আই’ করানো হলে কনসেপশনের পরিমাণ সর্বাধিক হয়।



চিত্রঃ এ. আই এর সময় এবং গর্ভধারনের হার।

বাংলাদেশে  
এই প্রথম

# সিউর এ আই (SURE-AI)

## পশু খাদ্য সম্পূরক

### উপাদানঃ

প্রতি ৫ মিলি সিউর এ আই সলিউশনে আছে,	
ওমেগা ৩ ফ্যাটি এসিড	- ১২৫ মিথা
ওমেগা ৬ ফ্যাটি এসিড	- ১২৫ মিথা
ভিটামিন এ	- ১২০০০ আই. ইউ
ভিটামিন ই	- ৫০০০ আই. ইউ
কপার	- ৫০ মিথা
জিঙ্ক	- ২৫ মিথা
ম্যাঙ্গানিজ	- ২৫ মিথা
পটাশিয়াম	- ৫ মিথা

### ব্যবহারঃ

- ✓ কনসেপশন রেট বৃদ্ধিতে
- ✓ ‘এম্ব্ৰায়ো লস’ প্রতিরোধে
- ✓ ইনফ্লামেটরী ডিজিস প্রতিরোধে
- ✓ ওভাম এবং স্পার্ম এর কোয়ালিটি বাড়াতে।
- ✓ স্পার্ম এর মটিলিটি ও ভায়াবিলিটি বাড়াতে।

### মাত্রা ও প্রয়োগঃ

কৃত্রিম প্রজননের/বীজ দেয়ার পর ২২৫ মিলি সিউর এ আই একবারে খাওয়াতে হবে।

### সংরক্ষণঃ

আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুক্র স্থানে সংরক্ষন করতে হবে।

### সরবরাহঃ

২২৫ মিলি প্লাস্টিক বোতল।

